

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/27/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো এই সপ্তাহে নিউ ইয়র্ক স্টেটে বিনামূল্যে মাছ ধরার দিনের (FREE FISHING DAYS) ঘোষণা করেছেন

*ছয়টি বিনামূল্যে মাছ ধরার দিনের মধ্যে রয়েছে 29 শে এবং 30 শে জুন যা খেলাধুলা উপভোগ করার জন্য আরো বেশি মানুষকে উৎসাহিত করার জন্য প্রদান করা হয়েছে*

*নিউ ইয়র্কের ক্রীড়া মৎস্য শিল্প বছরে অর্থনৈতিক কার্যক্রমে আনুমানিক 3 বিলিয়ন মার্কিন ডলার উৎপাদন করে, যা সারা রাজ্য জুড়ে প্রায় 20,000 কাজকে সমর্থন করে*

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কের বাসিন্দারা বিনামূল্যে মাছ ধরতে পারেন রাজ্য জুড়ে 7,500 হ্রদ ও পুকুরে বা 70,000 মাইলের নদী ও খাড়িগুলিতে 2019 সালের 29-30 শে জুন সপ্তাহের শেষে। নিউ ইয়র্কের ফ্রি ফিশিং উইকএন্ডগুলি (Free Fishing Weekends) আরো বেশি মানুষকে উৎসাহিত করবে - এই খেলায় যারা দক্ষ বা নতুন, তা নির্বিশেষে - বাইরে যাওয়ার জন্য এবং বহু বিশ্বমানের মাছ ধরার উপলব্ধ সুযোগগুলি উপভোগ করার জন্য।

"নিউ ইয়র্ক স্টেট হাজার হাজার হ্রদ এবং 70,000 মাইল নদী ও খাড়ির আবাসস্থল যা অসাধারণ মাছ ধরার সুযোগ প্রদান করে", **গভর্নর কুওমো বলেন।** "ফ্রি ফিশিংয়ের দিনগুলি অপেশাদার এবং অভিজ্ঞ মেছুড়েদের, উভয়কেই, সুযোগ করে দেয় নিজেদের এই খেলাটি চেষ্টা করে দেখার অথবা অন্যান্যদেরকে এম্পায়ার স্টেট জুড়ে বিশ্বমানের মাছ ধরার এবং সুন্দর গন্তব্যগুলির সাথে পরিচয় করিয়ে দেয়।"

গভর্নর কুওমোর NY ওপেন ফর নিউ ইয়র্ক ফিশিং অ্যান্ড হান্টিং ইনিশিয়েটিভের (NY Open for Fishing and Hunting Initiative) অংশ হিসেবে ফ্রি ফিশিং ডে [প্রোগ্রামটি](#) পরিবেশ সংরক্ষণের বিভাগ (Department of Environmental Conservation, DEC) দ্বারা প্রশাসিত হয়। 28শে সেপ্টেম্বর (জাতীয় শিকার ও মাছধরা দিবস), এবং 11ই নভেম্বর (ভেটেরার্স ডে) সহ 2019 সালের জন্য ছয়টি পরিকল্পিত দিনের মধ্যে রয়েছে আসন্ন ফ্রি ফিশিং ডেজ। ফ্রি ফিশিং ডেজ 1991 সালে শুরু হয়েছিল যারা মাছ ধরেন না তাদের এই আকর্ষণীয় খেলার সুযোগ করে দিতে বিনা খরচে, লোকেদের একটি নতুন শখের সাথে পরিচয় করিয়ে দিতে এবং নিউ ইয়র্ক স্টেটের মাছ ধরার লাইসেন্স কিনতে উৎসাহিত করতে যাতে এই খেলাটি সমর্থন লাভ করে। 2014 সালে গভর্নর দ্বারা স্বাক্ষরিত আইনটি প্রতি বছর অনুমোদিত রাজ্যন্যাপী বিনামূল্যের মাছ ধরার দিনগুলির সংখ্যা দুই থেকে বাড়িয়ে তোলে।

"স্কুল আনুষ্ঠানিকভাবে বন্ধ থাকবে এবং পরিবারের সাথে গ্রীষ্মের ছুটি শুরু করার জন্য আপনার বাচ্চাদের মাছ ধরতে নিয়ে যাওয়ার চেয়ে আরো ভালো উপায় আর নেই", **DEC কমিশনার বেসিল সেগোস বলেন।** "মাছ ধরার জন্য জায়গা খুঁজতে আপনাকে অনেক দূরে ভ্রমণ করতে হবে না। নিউ ইয়র্ক প্রচুর পরিমাণে মৎস্য সম্পদ সহ আশীর্বাদপ্রাপ্ত এবং বাড়ির কাছে অনেক বড় সুযোগ রয়েছে, আপনি যেখানেই থাকুন না কেন। মাছ ধরার অনেক মজা, কিন্তু প্রকৃতির যা কিছু দেওয়ার আছে তার অভিজ্ঞতা করে যে সময় কাটানো হয় তা হল সব চেয়ে বড় পুরস্কার।"

ফ্রি ফিশিং ডেজ প্রোগ্রাম ছাড়াও, NY ওপেন ফর ফিশিং অ্যান্ড হান্টিং সংস্থাগুলি এবং গ্রুপগুলিকে বিনামূল্যে ফিশিং ক্লিনিক হোস্ট করার অনুমতি দেয়। মাছ ধরতে শিখতে চান এমন ব্যক্তির সারা দেশে DEC এবং অন্যান্য গোষ্ঠীদের দ্বারা পরিচালিত বিভিন্ন মাছ সংক্রান্ত শিক্ষামূলক প্রোগ্রামের সুবিধা নিতে পারেন। [2019 ফ্রি ফিশিং ক্লিনিকের](#) একটি সম্পূর্ণ তালিকা নিয়মিত আপডেট করা হয়। আসন্ন ক্লিনিকগুলির মধ্যে রয়েছে ইস্ট আইলিপে 27শে জুন, সাফোক কাউন্টিতে; 28 জুন স্টুয়েভেনস্যান্ট, কলম্বিয়া কাউন্টিতে; এবং 29শে জুন টাক্সেডো, অরেঞ্জ কাউন্টিতে।

ফ্রি ফিশিং ডেতে অংশগ্রহণকারীদের মনে করিয়ে দেওয়া হয় যে, মাছ ধরার লাইসেন্সের প্রয়োজনে বিনামূল্যে মাছ ধরার দিনগুলি মকুব করা হয়, অন্যান্য [মাছ ধরার নিয়মগুলি](#) কার্যকর থাকে। বিনামূল্যে মাছ সংক্রান্ত [ক্লিনিকে](#) বা ফ্রি ফিশিং ডেজে অংশগ্রহণ না করলে, 16 বছর বয়সী এবং তার চেয়ে বড়দের অবশ্যই একটি হালনাগাদ করা স্টেট ফিশিং লাইসেন্স থাকতে হবে নিউ ইয়র্কে মাছের জন্য। মাছ ধরার লাইসেন্স এখন ক্রয়ের তারিখ থেকে 365 দিনের জন্য বৈধ থাকে। [মাছ ধরার লাইসেন্স](#) কেনার বিষয়ে আরো তথ্য DEC এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

আপনার কাছাকাছি মাছ ধরার সুযোগ সম্পর্কে জানতে, DEC এর ওয়েবসাইটে [মাছ ধরার স্থানসমূহ](#) পৃষ্ঠাগুলিতে যান।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)